এমপিওভুক্তির দাবি

# ঈদের পর লাগাতার কর্মসূচি শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক

১৮ মে ২০২৬, ১২:০০ এএম

স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার দাবিতে ৭ জুন থেকে ঢাকায় লাগাতার অবস্থান কর্মসূচির ঘোষণা দিয়েছে সম্মিলিত নন-এমপিও ঐক্য পরিষদ। দাবি বাস্তবায়নে ঈদের আগেই কার্যকর উদ্যোগ না এলে রাজধানীতে বৃহত্তর আন্দোলনে যাওয়ারও হুশিয়ারি দিয়েছেন সংগঠনের নেতারা।

গতকাল রবিবার জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত মানববন্ধন থেকে এ কর্মসূচি ঘোষণা করা হয়। পরে সংগঠনের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বৃহত্তর আন্দোলনের প্রস্তুতি হিসেবে ২ জুন থেকে বিভাগীয় সমাবেশও অনুষ্ঠিত হবে।

মানববন্ধনে প্রধান সমন্বয়ক প্রিন্সিপাল মো. সেলিম মিয়া সভাপতির বক্তব্যে বলেন অবিলম্বে সব নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করতে হবে। আমাদের বরাদ্দের টাকা অন্য খাতে খরচ হবে অন্যায়। দেশের শিক্ষার উন্নয়নে নন-এমপিও

শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তিকরণ এখন এক নম্বর যৌক্তিক দাবি। তিনি বলেন, ঈদের আগেই দাবি বাস্তবায়ন না হলে ঈদের পর ৭ জুন থেকে ঢাকায় বৃহত্তর আন্দোলন শুরু করা হবে।

নন-এমপিও সংগঠনের মুখ্য সমন্বয়ক অধ্যক্ষ মো. নাজমুস সাহাদাত আজাদী বলেন, আমরা ২০-২৫ বছর ধরে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান বৈষম্যের শিকার হয়েছি। বর্তমান সরকারের কাছে আমরা জোর দাবি জানাচ্ছি এই বৈষম্য দূর করে দ্রুত সময়ে এমপিওভুক্ত করা হোক।

সাংগঠনিক সমন্বয়ক অধ্যক্ষ মো. মনিমুল হক বলেন, বর্তমান সরকার আমাদের সরকার। আমরা বিএনপি সমর্থক হওয়ার কারণেই দীর্ঘদিন ধরে বৈষম্যের শিকার হয়েছি। এখন সময় এসেছে সব নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান একযোগে এমপিওভুক্ত করতে হবে। আমরা দেশের সব নন-এমপিও শিক্ষকদের সংগঠন সম্মিলিত নন-এমপিও পরিষদের পক্ষ থেকে এই সরকারের প্রতি পূর্ণ সমর্থন ব্যক্ত করছি। আমরা আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান করতে চাই, কিন্তু আন্দোলনে বাধ্য করবেন না। আমরা আশা করছি এমপিওভুক্তির বিষয়ে সরকার দ্রুত পদক্ষেপ নেবেন।

সমন্বয়ক অধ্যক্ষ আব্দুস সালাম বলেন, আমাদের দীর্ঘ আন্দোলনের পরিপ্রেক্ষিতে বিগত সরকার এমপিওভুক্তির আবেদন গ্রহণ করে স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে যাচাই-বাছাই করে একটি তালিকা তৈরি করেছিল, সেই তালিকা অনুযায়ী এমপিওভুক্ত করার দাবি জানাচ্ছি।

সমন্বয়ক অধ্যক্ষ বাকী বিল্লাহ বলেন, আমরা ২০ থেকে ২৫ বছর চাকরি করে আসছি কিন্তু কোনো বেতন-ভাতা পাই না, আমার মনে হয় এটা পৃথিবীর ইতিহাসে নজিরবিহীন। আমাদের এই ন্যায্য দাবি সরকার অতিদ্রুত মেনে নিয়ে এমপিওভুক্তির ব্যবস্থা করবে।

সমন্বয়ক অধ্যক্ষ আবতাবুল আলম বলেন, বিগত সময় আমরা অনেক বৈষম্যের শিকার হয়েছি, আমাদের দ্রুত এমপিওভুক্ত করতে হবে। এর জন্য সরকারের অতি দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার দাবি জানাচ্ছি।

সমন্বয়ক মাওলানা মোবারক হোসেন বলেন, নন-এমপিও আন্দোলনে ১৭ ভাইয়ের রক্ত মিশে আছে, আমরা তাদের রক্ত বৃথা যেতে দেব না। এমপিওভুক্তির দাবিটি যৌক্তিক তাই দ্রুত বাস্তবায়নের দাবি জানাচ্ছি।

সভায় বক্তারা অনার্স মাস্টার্স স্তরের তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের এমপিও নীতিমালায় অন্তর্ভুক্তকরণ ও তাদের এমপিওভুক্তি দাবি করেন।

প্রধান সমন্বয়ক প্রিন্সিপাল সেলিম মিয়া এমপিওভুক্তির দাবিতে বৃহত্তর আন্দোলনের রোডম্যাপ ঘোষণা করেন। ৩০ মে দেশের সব সংসদ সদস্য ও মন্ত্রীর সঙ্গে ঈদ-পরবর্তী শুভেচ্ছা বিনিময় ও এমপিওভুক্তির দাবি, ২ জুন রাজশাহী বিভাগীয় সমাবেশ, ৩ জুন রংপুর বিভাগীয় সমাবেশ, ৪ জুন ময়মনসিংহ বিভাগীয় সমাবেশ, ৫ জুন বরিশাল বিভাগীয় সমাবেশ, ৬ জুন খুলনা বিভাগীয় সমাবেশ, ৭ জুন ঢাকার জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি।

সমন্বয়ক জাহিদ হোসেনের সঞ্চালনায় মানববন্ধনে উপস্থিত ছিলেন সমন্বয়ক প্রভাষক মো. গোলাম মোস্তফাসহ সারাদেশ থেকে আসা জেলা ও উপজেলার নেতারা।